# তৈরি পোশাক শিল্পে সাবকন্ট্রাক্টিং গাইডলাইন- ২০১৯

যেহেতু তৈরি পোশাক খাত বাংলাদেশের রপ্তানিতে সর্বাধিক অবদান রাখাসহ কর্মসংস্থান সৃষ্টিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখিতেছে;

যেহেতু বাংলাদেশের সামগ্রিক অর্থনৈতিক উন্নয়ন ত্বরান্বিতকরণের লক্ষ্যে তৈরি পোশাক খাতের সম্প্রসারণ এবং রপ্তানি বৃদ্ধি করা অপরিহার্য;

যেহেতু তৈরি পোশাক কারখানায় শ্রমিকদের কল্যাণ, শ্রম অধিকার ও কারখানার নিরাপদ কর্ম-পরিবেশ নিশ্চিতকল্পে সরকার, মালিকপক্ষ ও শ্রমিকপক্ষ 'National Tripartite Plan of Action on Fire Safety and Structural Integrity in the Ready-Made Garment Sector in Bangladesh'স্বাক্ষর করিয়াছে এবং উক্ত Action Plan-এর আওতায় স্বচ্ছ ও জবাবদিহিমূলক সাবকন্ট্রাক্টিং ব্যবস্থা প্রণয়নের প্রয়োজনীয়তা রহিয়াছে;

যেহেতু তৈরি পোশাক শিল্পে শ্রমিক কল্যাণ ও শ্রমিকদের নিরাপত্তা বিধান করিবার ক্ষেত্রে স্বচ্ছ ও জবাবদিহিমূলক সাবকন্ট্রাক্টিং ব্যবস্থা গুরুত্বপূর্ণ;

যেহেতু সাবকন্ট্রাক্টিং-এর ক্ষেত্রে স্বচ্ছতা ও জবাবদিহি বিধানে একটি গাইডলাইন থাকিবার আবশ্যকতা রহিয়াছে;

সেহেতু সরকার এতদ্দ্বারা নিম্নরূপ গাইডলাইন প্রণয়ন করিল:-

**১.০ সংক্ষিপ্ত শিরোনাম ও প্রয়োগ:**

১.১ এই গাইডলাইন 'তৈরি পোশাক শিল্পে সাবকন্ট্রাক্টিং গাইডলাইন- ২০১৯' নামে অভিহিত হইবে।

১.২ সরকার গেজেট প্রজ্ঞাপন দ্বারা যেই তারিখ নির্ধারণ করিবে সেই তারিখ হইতে এই গাইডলাইন কার্যকর হইবে।

১.৩ ইহা বাংলাদেশের তৈরি পোশাক শিল্পে সাবকন্ট্রাক্টিং ব্যবস্থায় রপ্তানিযোগ্য পণ্য তৈরির ক্ষেত্রে প্রযোজ্য হইবে।

১.৪ সাবকন্ট্রাক্টিং কারখানা/প্রতিষ্ঠানের নিরাপদ কর্ম-পরিবেশ ও শ্রম অধিকার নিশ্চিতকল্পে এই গাইডলাইন প্রযোজ্য হইবে।

১.৫ রপ্তানিকারক কারখানা/প্রতিষ্ঠান ও সাবকন্ট্রাক্টিং কারখানা/প্রতিষ্ঠানের মধ্যে সম্পাদিত সাবকন্ট্রাক্টিং চুক্তির স্বচ্ছতা ও জবাবদিহি নিশ্চিতকল্পে এই গাইডলাইন কার্যকর হইবে।

**২.০সংজ্ঞাসমূহ:** বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোনো কিছু না থাকিলে, এই গাইডলাইন-এ

২.১ 'রপ্তানি' বলিতে The Imports and Exports (Control) Act, 1950এর ২ ধারার উপ-ধারা সি-তে বর্ণিত সংজ্ঞাকে বুঝাইবে।

২.২'রপ্তানিকারক' বলিতে The Importers, Exporters and Indentors (Registration) Order, 1981 এর অনুচ্ছেদ ২ এর উপ-অনুচ্ছেদ এফ-এ বর্ণিত সংজ্ঞাকে বুঝাইবে।

২.৩'নিবন্ধন' বলিতে সাবকন্ট্রাক্টিং কারখানা/প্রতিষ্ঠানকে সংশ্লিষ্ট সংগঠনের নির্ধারিত বিধিমালা অনুসরণ করিয়া সদস্যভুক্ত হওয়াকে বুঝাইবে।

২.৪'সংগঠন' বলিতে তৈরি পোশাক প্রস্তুতকারক ও রপ্তানিকারকদের সংগঠন বাংলাদেশ গার্মেন্ট ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন (বিজিএমইএ) ও বাংলাদেশ নীটওয়্যার ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন (বিকেএমইএ)-কে বুঝাইবে।

২.৫'ক্রেতা' বলিতে কোনো ব্যক্তি বা ব্যক্তিবর্গ বা প্রতিষ্ঠানকে বুঝাইবে যাহারা বাংলাদেশ হইতে তৈরি পোশাক আমদানি করিয়া থাকে।

২.৬'সাবকন্ট্রাক্টর প্রতিষ্ঠান/কারখানা' বলিতে রপ্তানিকারক প্রতিষ্ঠান/কারখানার কার্যাদেশে পোশাক তৈরির কাজ সম্পাদনের দায়িত্ব প্রাপ্ত প্রতিষ্ঠান/কারখানাকে বুঝাইবে।

২.৭'সাবকন্ট্রাক্টিং' বলিতে রপ্তানিকারক কর্তৃক রপ্তানি যোগ্য তৈরি পোশাক উৎপাদনের জন্য এই গাইডলাইন-এর আওতায় গৃহীত কার্যক্রমকে বুঝাইবে।

২.৮'সাবকন্ট্রাক্টিং চুক্তি' বলিতে এই গাইডলাইন-এর আওতায় তৈরি পোশাক প্রস্তুতকারক 'সাবকন্ট্রাক্টর প্রতিষ্ঠান/কারখানা' ও রপ্তানিকারকের মধ্যকার চুক্তি বুঝাইবে।

২.৯'চেকলিস্ট' বলিতে শ্রম কল্যাণ ও শ্রমিকদের নিরাপদ কর্মপরিবেশ নিশ্চিত করিবার লক্ষ্যে সরকার কর্তৃক সময় সময় প্রস্তুতকৃত চেকলিস্ট যাহা পরিদর্শকগণ কারখানা পরিদর্শনের সময় ব্যবহারকরণ এবং যাহার ভিত্তিতে কারখানার কমপ্লায়েন্সের হালনাগাদ অবস্থা জানা সম্ভব হইবে।

২.১০'কমপ্লায়েন্স' বলিতে দেশের প্রচলিত আইন ও বিধি এবং ইহার আলোকে সরকার কর্তৃক অনুমোদিত চেকলিস্ট অনুযায়ী তৈরী পোশাক শিল্পের শ্রমিকদের কল্যাণ, শ্রম অধিকার এবং কর্মপরিবেশের নিরাপত্তা নিশ্চিত করা বুঝাইবে।

২.১১'আরবিট্রেশন কমিটি' বলিতে সাবকন্ট্রাক্টিং-এর ক্ষেত্রে উদ্ভূত বিরোধ মীমাংসার জন্য সংগঠনসমূহে বিদ্যমান/গঠিত কমিটিকে বুঝাইবে।

**৩.০ বিধানাবলী :**

৩.১ সাবকন্ট্রাক্টিং প্রতিষ্ঠান/কারখানাকে নির্ধারিত বিধিমালা অনুসরণপূর্বক সংগঠনের সদস্য হইতে হইবে এবং সদস্য পদ হাল-নাগাদ/নবায়ন থাকিতে হইবে।

৩.২ কমপ্লায়েন্স প্রতিপালনে সক্ষম কারখানা/প্রতিষ্ঠান সাবকন্ট্রাক্টিং কার্যক্রমে অংশগ্রহণ করিতে পারিবে।

৩.৩ রপ্তানিকারক প্রতিষ্ঠান কেবলমাত্র সংগঠনের নিবন্ধিত প্রতিষ্ঠানের সহিত সাবকন্ট্রাটিং চুক্তি করিতে পারিবে।

৩.৪ সাবকন্ট্রাক্টিং কার্যক্রমের জন্য একটি লিখিত চুক্তিপত্র থাকিতে হইবে এবং চুক্তিপত্রের একটি কপি সংশিষ্ট সংগঠন বরাবর প্রেরণ করিতে হইবে।

৩.৫ সাবকন্ট্রাক্টিং কাজে নিয়োজিত কারখানা ভবনের স্ট্রাকচারাল ডিজাইন/লে-আউট প্লান যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হইতে হইবে।

৩.৬ সাবকন্ট্রাক্টিং কাজ প্রাপ্ত কারখানায় নিয়োজিত শ্রমিকদেরকে সরকার কর্তৃক ঘোষিত ন্যূনতম মজুরি (wages) প্রদান করিতে হইবে।

৩.৭ সাবকন্ট্রাক্টিং প্রতিষ্ঠান/কারখানা অবশ্যই কর্মরত শ্রমিকদের সরকারি নীতিমালার গ্রুপ বীমার আওতায় আনয়ন করিবে এবং নিয়মিতভাবে প্রিমিয়াম পরিশোধ করিয়া বিষয়টি হালনাগাদ রাখিবে।

৩.৮ তৈরি পোশাক রপ্তানিকারক প্রতিষ্ঠান ও সাবকন্ট্রাক্ট প্রাপ্ত প্রতিষ্ঠান/কারখানার মধ্যে যদি কোনো বিরোধ দেখা দেয়, তাহা হইলে সৃষ্ট বিরোধ মীমাংসার জন্য যে কোনো পক্ষ সংগঠনের আরবিট্রেশন কমিটিতে আবেদন করিলে প্রচলিত আরবিট্রেশন বিধি মোতাবেক তাহা নিষ্পত্তি করিতে হইবে। এই ক্ষেত্রে যে কোনো বিরোধ ৪ (চার) সপ্তাহের মধ্যে নিষ্পত্তি করিতে হইবে।

৪.০ সংগঠনসমূহ প্রতি ৬ মাস অন্তর সাবকন্ট্রাক্টিং প্রতিষ্ঠানসমূহের কার্যক্রম সম্পর্কিত প্রতিবেদন বাণিজ্য মন্ত্রণালয়ের বস্ত্র সেল এবং জাতীয় রাজস্ব বোর্ডে প্রেরণ করিবে। বাণিজ্য মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব/যুগ্ম-সচিব (রপ্তানি) এর সভাপতিতে অনুষ্ঠেয় আন্তঃমন্ত্রণালয় সভায় সাবকন্ট্রাক্টিং-এর বিষয় পর্যালোচনা ও মূল্যায়ন করা হইবে।

৫.০ সাবকন্ট্রাক্টর কারখানা/প্রতিষ্ঠানে কমপ্লায়েন্স প্রতিপালন বিষয়ে রপ্তানিকারক প্রতিষ্ঠান নজর রাখিবে এবং কোনো অনিয়ম পরিলক্ষিত হইলে সাথে সাথে সংশোধনমূলক ব্যবস্থা গ্রহণের জন্য সাবকন্ট্রাক্টিং প্রতিষ্ঠান ও সংগঠনকে অবহিত করিবে।

৬.০ সাবকন্ট্রাটিং-এর কোনো পক্ষ কর্তৃক এই গাইডলাইন বা গাইডলাইন-এর কোনো বিধানের ব্যত্যয় ঘটানো হইলে দেশের আইন, বিধি ও নির্বাহী আদেশ বলে সরকার ও সংগঠন কর্তৃক উৎপাদন বা রপ্তানি কাজে প্রদত্ত সেবা সাময়িক বা স্থায়ীভাবে বন্ধ করিয়া দেওয়া হইবে।

৭.০ সরকার প্রয়োজনে যে কোনো সময় এই গাইডলাইন-এ পরিবর্তন, পরিবর্ধন, সংযোজন বা বিয়োজন করিতে পারিবে।

XXXXXX

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাণিজ্য মন্ত্রণালয়
বস্ত্র সেল (বস্ত্র-২), ঢাকা।
www.mincom.gov.bd

নং- ২৬.০০.০০০০.১৫২.৭৮.০১২.১৬-১১

তারিখঃ ১৩ জ্যৈষ্ঠ, ১৪২৬ বাং
২৭ মে ২০১৯ খ্রিঃ

**প্রজ্ঞাপন**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার দেশের তৈরি পোশাক কারখানায় শ্রমিকদের কল্যাণ, শ্রম অধিকার ও কারখানার নিরাপদ কর্ম-পরিবেশ নিশ্চিতকল্পে সরকার, মালিকপক্ষ ও শ্রমিকপক্ষ কর্তৃক গৃহীত 'National Tripartite Plan of Action on Fire Safety and Structural Integrity in the Ready-Made Garment Sector in Bangladesh' বাস্তবায়নে অপরাপর উদ্যোগের পাশাপাশি বিদ্যমান সাবকন্ট্রাক্টিং ব্যবস্থা অধিকতর স্বচ্ছ ও জবাবদিহি করিবার লক্ষ্যে এতদ্বারা তৈরি পোশাক শিল্পে সাবকন্ট্রাক্টিং গাইডলাইন-২০১৯ জারি করিল।

২। ইহা জনস্বার্থে জারি করা হইল এবং অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ আবদুর রহিম খান
যুগ্মসচিব